মেধাবী শিক্ষার্থীদের জন্য বিশেষ সুবিধাসমূহ

১। বোর্ড বৃত্তিপ্রাপ্তদের ক্ষেত্রে বিশেষ সুবিধা।
২। অভ্যন্তরীণ পরীক্ষায় ভালো ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বিশেষ সুবিধা।
৩। সহপাঠক্রমিক কার্যক্রমে বিতর্ক (বাংলা ও ইংরেজি), গণিত ও বিজ্ঞান অলিম্পিয়াড, সাধারণ জ্ঞান, বিজ্ঞানমেলা ও সাংস্কৃতিক কার্যক্রমে জাতীয়ভাবে পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের এককালীন বিশেষ সুবিধা ও উৎসাহ প্রদান।

প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ

- অত্যন্ত দক্ষ, সৎ ও আন্তরিক প্রশাসনের মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত।
- মেধাবী, অভিজ্ঞ, আধুনিক প্রশিক্ষণপ্রাপ্ত ও অত্যন্ত আন্তরিক শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান।
- প্রতিটি শ্রেণিকক্ষে স্থায়ী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে পাঠদান।
- অটোমেশন পদ্ধতিতে এসএমএস এর মাধ্যমে দৈনিক উপস্থিতি, পরীক্ষার ফলাফলসহ গুরুত্বপূর্ণ তথ্যাদি অভিভাবকগণের নিকট নিয়মিত প্রেরণ করার সুব্যবস্থা।
- উচ্চগতির ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার ল্যাব, আধুনিক ও প্রয়োজনীয় বই সমৃদ্ধ সুপরিসর লাইব্রেরি।
- মেধা-মনন ও নেতৃত্বের বিকাশের লক্ষ্যে ২৯টি সোসাইটি/ক্লাব এর মাধ্যমে সহপাঠক্রমিক কার্যক্রমের সুব্যবস্থা।
- সিদ্ধান্ত গ্রহণে শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ।
- একাডেমিক কার্যক্রম সপ্তাহে পাঁচদিন।
- অভিভাবকদের জন্য সুপরিসর আধুনিক অপেক্ষাগার।
- ভর্তিচ্ছু সামরিক বাহিনী সদস্যদের পোষ্যদের ক্ষেত্রে বিশেষ কোটা (SQ) সুবিধায় ন্যূনতম জিপিএ উন্মুক্ত। নিজস্ব স্কুল শাখা থেকে কৃতকার্য শিক্ষার্থীদের ক্ষেত্রে OWN কোটা সুবিধা এবং ন্যূনতম জিপিএ উন্মুক্ত।
- প্রতিষ্ঠানে থাকাকালীন অতি জরুরী প্রয়োজনে শিক্ষার্থীদের সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) তাৎক্ষণিক চিকিৎসা সেবা প্রদানের সুব্যবস্থা।





একাদশ শ্রেণিতে
ভর্তির আবেদনের জন্য
ন্যূনতম জিপিএ

- **বিজ্ঞান শাখা-৪.৭২**
  (বাংলা ও ইংরেজি মাধ্যম)
- **মানবিক শাখা-৩.০০**
- **ব্যবসায় শিক্ষা শাখা-৩.০০**

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ময়মনসিংহ

প্রসপেক্টাস
২০২২-২৩



ময়মনসিংহ সেনানিবাস, ময়মনসিংহ।
ফোন নং- ০৯১-৬১৬৪৫, আর্মি ঃ ৬৬৭০১-৯, Ext ঃ ৩১৭০
web: www.cpscm.edu.bd



অধ্যক্ষের বাণী

শিক্ষা মানব আচরণের কাঙ্ক্ষিত পরিবর্তন ঘটিয়ে আলোকিত মানুষ গড়ে তুলে। তাই শিক্ষাকে জাতির মেরুদণ্ড বলা হয়। শিক্ষার্থীদের সততা, দক্ষতা, নৈতিকতা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করাই আমদের লক্ষ্য। পড়ালেখা এবং সহপাঠক্রমিক কার্যক্রম উভয় ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উল্লেখযোগ্য সাফল্য রয়েছে।

পূর্বের সাফল্যের ধারাবাহিকতা বজায় রেখে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী ২০১৯ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাসের হারের ভিত্তিতে ময়মনসিংহ জেলায় প্রথম স্থান অধিকার করে। পাশাপাশি একই বছর আন্তঃক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ সংসদীয় বির্তক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

অতীতের সুদৃঢ় পদচারণা ও সাফল্য ধরে রাখতে আমি ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে সৎ ও যোগ্য নেতৃত্বের গুণাবলিসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলার প্রত্যয়ে এ প্রতিষ্ঠানে স্বাগত জানাই।

লেঃ কর্নেল শামীম আহমেদ, পিএসসি, এএসসি

উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিষয়সমূহ

বিজ্ঞান শাখা

আবশ্যিক : বাংলা, ইংরেজি, আইসিটি, পদার্থবিজ্ঞান, রসায়ন।
৩য় বিষয় : উচ্চতর গণিত/জীববিজ্ঞান (যে কোন ১টি)।
৪র্থ বিষয় : উচ্চতর গণিত, জীববিজ্ঞান, কৃষিশিক্ষা, পরিসংখ্যান (যে কোন ১টি)।

মানবিক শাখা

আবশ্যিক : বাংলা, ইংরেজি, আইসিটি।
৩য় বিষয় : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, সমাজকর্ম, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, যুক্তিবিদ্যা (যে কোন ৩টি)।
৪র্থ বিষয় : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, সমাজকর্ম, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, যুক্তিবিদ্যা, পরিসংখ্যান, কৃষিশিক্ষা (যে কোন ১টি)।

ব্যবসায় শিক্ষা শাখা

আবশ্যিক : বাংলা, ইংরেজি, আইসিটি, হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
৩য় বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (যে কোন ১টি)।
৪র্থ বিষয় : পরিসংখ্যান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, কৃষিশিক্ষা (যে কোন ১টি)।

আমাদের লক্ষ্য

১। চারিত্রিক ও মানবীয় গুণাবলির সার্বিক বিকাশ সাধনের মাধ্যমে সৎ নেতৃত্ব প্রদানে প্রয়াসী বৈশ্বিক নাগরিক তৈরি করা।

২। শিক্ষার্থীদের পাঠদান শ্রেণিকক্ষেই সমাপ্ত করা এবং দুর্বল শিক্ষার্থীদের জন্য প্রয়োজনে অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করা।

৩। শিক্ষার্থীদের শারীরিক, মানসিক বিকাশের পাশাপাশি সাংস্কৃতিক ও সৃজনশীলতার বিকাশ ঘটানো।

৪। সুষম ও বিজ্ঞানভিত্তিক শিক্ষাদানে পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়নের মাধ্যমে শিক্ষার্থীদের মেধা ও সৃজনশীলতার পরিপূর্ণ বিকাশ ঘটানো। এইচএসসি পরীক্ষায় সর্বোত্তম ফলাফল অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ
মোমেনশাহী
১৯৯৩